



বিরোধীদলীয় নেতা হিসেবে স্বীকৃতি পেলেন জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা হিসেবে ড. শফিকুর রহমানকে আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি ঢাকা-১৫ আসনের নির্বাচিত সংসদ সদস্য। এ বিষয়ে গত ১২ মার্চ গেজেট প্রকাশ করেছে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।

গেজেট অনুযায়ী, জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধি এবং 'বিরোধীদলীয় নেতা ও উপনেতা (পারিশ্রমিক ও সুযোগ-সুবিধা) আইন, ২০২১'-এর বিধি ২(১)(ত) অনুসারে এই স্বীকৃতি দেওয়া হয়।

একই আইনের আওতায় কুমিল্লা-১১ আসনের সংসদ সদস্য সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহেরকে বিরোধী দলের উপনেতা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদে বিরোধী আসনে সর্বাধিক সদস্যসংখ্যা থাকায় সংশ্লিষ্ট সংসদীয় দল ও জেটকে এই স্বীকৃতি প্রদান করেন স্পিকার।

LENS ASIA